

ঢাকা থেকে কলকাতা ট্রেনের সময়সূচি ও ভাড়া

- A Monitor Desk Report

Date: 23 March, 2022



ঢাকা-কলকাতা এবং কলকাতা-ঢাকার মধ্যে চলাচলকারী আন্তঃদেশীয় মৈত্রী এক্সপ্রেস সপ্তাহে ৫ দিন চলাচল করে। ঢাকা থেকে প্রতি শুক্র, শনি, রবি, মঙ্গলবার ও বুধবার ট্রেন ছাড়বে।

অপরদিকে কলকাতা থেকে প্রতি শুক্র, শনি, সোম, মঙ্গল ও বুধবার ট্রেন ছেড়ে আসবে ঢাকার উদ্দেশ্যে। তবে বৃহস্পতিবার মৈত্রী এক্সপ্রেস বন্ধ থাকবে।

ঢাকা-কলকাতার দূরত্ব ৩৭৫ কিলোমিটার। এ রুটের যাত্রী প্রতি ট্রেন ভাড়া ট্রাভেল ট্যাক্সসহ এসি সিট তিন হাজার ৫০৫ টাকা (৩০ ডলার) ও এসি চেয়ার দুই হাজার ৫০৫ টাকা। ট্রেনটিতে কোনো শোভন চেয়ার নেই।

মৈত্রী এক্সপ্রেস ট্রেনের অগ্রিম টিকিট যাত্রার ২৯ দিন আগে থেকে দেওয়া হয়। এছাড়াও রিটার্ন/ফেরত টিকিট যাত্রার ৪ দিন আগে উভয় স্টেশন থেকে ক্রয় করা যাবে।

দুই দেশ থেকেই ট্রেনের টিকিট কাটা যাবে। বাংলাদেশ থেকে কমলাপুর রেলওয়ে স্টেশন এবং চট্টগ্রাম রেলওয়ে স্টেশন থেকে ঢাকা থেকে কলকাতা ট্রেনের টিকিট কাটা যাবে। প্রতিদিন সকাল ৯ টা থেকে সন্ধ্যা ৭ পর্যন্ত।

অপরদিকে ফেয়ারলী প্লেস, ডালহৌসি স্কয়ার, কোলকাতা রেলওয়ে স্টেশন থেকে কলকাতা-ঢাকা ট্রেনের টিকিট কাটা যাবে। স্থানীয় সময় সকাল ১০ থেকে বিকাল ৫ পর্যন্ত প্রতিদিন।

-B